গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mora.gov.bd

স্মারক নম্বর-১৬.০০.০০০০.০০১.১১.০০১.১৬-১৬৭৭ তারিখ: ২০ কার্তিক, ১৪২৫ / ০৪ নভেম্বর, ২০১৮

পুন: নিয়োগ বিজ্ঞপ্তি

বিষয়: ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব-এর 'সহকারী হজ অফিসার/কনসাল (হজ)' পদে কর্মকর্তা নিয়োগ।

নির্দেশিত হয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব-এর নিম্নেবর্ণিত পদে মেয়াদভিত্তিক কর্মকর্তা নিয়োগের জন্য পদের বিপরীতে বর্ণিত যোগ্যতাসম্পন্ন ইচ্ছুক স্থায়ী/নিয়মিত সরকারি কর্মকর্তাদের নিকট হতে নির্ধারিত ফরম-এ (সংযুক্ত) জীবন বৃত্তান্তসহ স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	পদমর্যাদা/যোগ্যতা	কাজের বিবরণ
০২	১) পদ : সহকারী হজ অফিসার/ কনসাল (হজ) (প্রথমসচিব) ২) বেতন স্কেল: 'গ্রেড পে' ৩) বিধি মোতাবেক বৈদেশিক ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা পাবেন।	০১	(ক) সিনিয়র সহকারী সচিব অথবা সমপদের কর্মকর্তা (যাদের বেতন স্কেল ৬ষ্ঠ গ্রেডের নিম্নে নয়)। (খ) প্রার্থীকে ৬ষ্ঠ গ্রেডের কর্মকর্তা হিসেবে ০২ (দুই) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। (গ) আরবী ভাষা জানা ও বলতে পারা এবং বিদেশী স্নাতকোত্তর ডিগ্রিধারিদের অগ্রাধিকার দেয়া হবে।	(ক) নিজ দায়িত্ব পালনসহ কাউন্সিলর (হজ)-এর উপর ন্যস্ত দায়িত্বসমূহ পালনে সার্বিক সহায়তা প্রদান করা। (খ) মন্ত্রণালয় কর্তৃক ন্যস্ত যে কোন দায়িত্ব পালন করা।

০২। সকল মন্ত্রণালয়/বিভাগ ও এর অধীন সংস্থায় কর্মরত আগ্রহী এবং যোগ্য কর্মকর্তাদের আগামী ২৭.১১.২০১৮ তারিখের মধ্যে সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবরে লিখিত আবেদনপত্র (সংশ্লিষ্ট কর্মকর্তাদের ২০১৩-২০১৭ সন পর্যন্ত ০৫ (পাঁচ) বছরের বার্ষিক গোপনীয় প্রতিবেদনসহ) প্রেরণ করতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন কর্মকর্তাদের ক্ষেত্রে বার্ষিক গোপনীয় প্রতিবেদন প্রেরণের প্রয়োজন নেই। জনপ্রশাসন মন্ত্রণালয় হতে তাদের বার্ষিক গোপনীয় প্রতিবেদন সংগ্রহ করা হবে।

০৩। স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে নির্ধারিত ফরমে এবং নির্দিষ্ট সময়সীমার মধ্যে আবেদনপত্র পাওয়া না গেলে তা বিবেচিত হবে না। ছক অসম্পূর্ণ বা ছকে সন্নিবেশিত কোন তথ্য ভুল বা মিথ্যা বলে প্রমাণিত হলে আবেদনপত্র বাতিল করার এখতিয়ার এ মন্ত্রণালয় সংরক্ষণ করে।

০৪। আবেদনপত্র কিংবা জীবন বৃত্তান্ত ফরমে কোন সুপারিশ থাকলে তা বিবেচনা করা হবে না।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

০৫। যে সকল কর্মকর্তার চাকুরির মেয়াদ ০৪ (চার) বৎসরের কম রয়েছে সে সকল কর্মকর্তা, অবসরপ্রাপ্ত কর্মকর্তা, চুক্তিভিত্তিক নিয়োজিত এবং মহিলা কর্মকর্তাদের আবেদন করার প্রয়োজন নেই।

০৬। ০১.০১.১৯৯২ তারিখের পর যাঁদের তৃতীয় সন্তান জন্মগ্রহণ করেছে, তাঁদের আবেদন করার প্রয়োজন নেই।

০৭। মন্ত্রিপরিষদ বিভাগের ১৮.০২.১৯৯৭ খ্রি. তারিখের মপবি/রিপোর্ট/বিদেশস্থ/৪(৫)৯৩-৯নং পরিপত্র অনুযায়ী নিম্নে বর্ণিত কর্মকর্তাগণের আবেদন করার প্রয়োজন নেই :

(ক) যে সকল কর্মকর্তা বিদেশস্থ বাংলাদেশ দূতাবাসের বিশেষ ধরনের উইং/সেট-আপভুক্ত পদে চাকুরি শেষে দেশে প্রত্যাবর্তনের পর ০৩ (তিন) বছর পূর্ণ হয়নি ;

(খ) বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদে অথবা সমমর্যাদাসম্পন্ন দূতাবাসের বিশেষ ধরনের উইং/সেট-আপভুক্ত পদে যাঁরা চাকুরি করেছেন।

০৮। এতদবিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সর্বশেষ পরিপত্রের সকল নির্দেশনা অনুসরণপূর্বক এ নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

০৯। গত ২৪/০৯/২০১৮ খ্রি. তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক বর্ণিত পদে ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই ।

(মো: শিব্বির আহমদ উছমানী)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪০৫৮৯
ই-মেইল: moragovbd@gmail.com

বিতরণ : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৩. রাষ্ট্রপতির সচিব, রাষ্ট্রতির কার্যালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব, ...(সকল) মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৫. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
৬. অতিরিক্ত সচিব(আইন/উন্নয়ন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. কনসাল জেনারেল, কনসুলেট জেনারেল অব বাংলাদেশ, জেদ্দা, সৌদি আরব।
৮. বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয় (সকল)।
৯. যুগ্মসচিব (সকল), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. কাউন্সিলর (হজ), বাংলাদেশ হজ্জ অফিস, জেদ্দা, সৌদি আরব।
১১. জেলা প্রশাসক (সকল)।
১২. সিনিয়র সিস্টেম এনালিস্ট (পিএসিসি), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩. সিস্টেম এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪. কনসাল (হজ),বাংলাদেশ হজ্জ অফিস, জেদ্দা, সৌদি আরব।
১৫. মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১৬. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৭. সিনিয়র সহকারী সচিব (সকল), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

জীবন বৃত্তান্ত ছক

১. নাম ও পরিচিতি নম্বর (যদি থাকে) :
২. বর্তমান আবাসিক ঠিকানা :
৩. স্থায়ী ঠিকানা :
৪. জন্ম তারিখ :
৫. পদবী এবং বর্তমান কর্মস্থল :
৬. বর্তমান কর্মস্থলে যোগদানের তারিখ :
৭. বর্তমান বেতন স্কেল ও জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেডে যোগদানের তারিখ :
৮. প্রথম শ্রেণীর চাকরিতে যোগদানের তারিখ :
৯. ক্যাডারের নামসহ ক্যাডার পদে যোগদানের তারিখ : এবং ক্যাডার পদে চাকরিকালের সঠিক মেয়াদ (আবেদনপত্র জমা দেয়ার তারিখ পর্যন্ত)
১০. ইতোপূর্বে যে মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে কাজ করেছেন : তার মেয়াদসহ (তারিখ উল্লেখপূর্বক) বিবরণ
১১. বিগত ০৫ (পাঁচ) বছরে যে যে পদে কর্মরত ছিলেন : তার নাম ও কর্মস্থলের পূর্ণ ঠিকানা
১২. শিক্ষাগত যোগ্যতা :
(এসএসসি হতে মাস্টার্স ডিগ্রী পর্যন্ত প্রতিটি পরীক্ষায় : অর্জিত শ্রেণি/বিভাগ উল্লেখ করতে হবে)
১৩. প্রশিক্ষণ সংক্রান্ত বিবরণ :

প্রশিক্ষণ	প্রশিক্ষণের নাম (ইনস্টিটিউশনের নামসহ)	প্রশিক্ষণের মেয়াদ	প্রশিক্ষণের বিবরণ
(ক) স্থানীয় (খ) বিদেশী			

১৪. বাংলা ও ইংরেজী ব্যতিত অন্যান্য ভাষায় দক্ষতা : (সার্টিফিকেট/ডিপ্লোমা ও মেয়াদ উল্লেখ করতে হবে)
১৫. বিদেশে ইতোপূর্বে পদায়নকৃত হলে তার বিবরণ (যদি থাকে)
১৬. বিবাহিত/অবিবাহিত :
১৭. সন্তান সংখ্যা :
(প্রত্যেক সন্তানের নাম ও জন্ম তারিখ উল্লেখ করতে হবে)
১৮. প্রার্থীত পদের নাম :
১৯. অন্যান্য বিষয় (যদি থাকে) :

আবেদনকারীর নামসহ স্বাক্ষর
ফোন (অফিস) :
বাসা :
মোবাইল :
ই-মেইল :